



ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০০

স্মারক নং- ঢাপ্রপ্রবি/৩৮/৯৩/(পাট-১)/৩৭৫৪

তারিখ ২০/০৬/২০১৭ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর -এর নিম্নলিখিত রাজস্ব খাতের কনভার্টিবল পদ অভ্যন্তরীণ অফিস এসিসটেন্ট কাম কম্পিউটার অপারেটর প্রার্থীদের মধ্য হইতে পূরণের নিমিত্ত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন কর্মচারীদের নিকট হইতে নিম্নরূপ শর্তাধীনে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

ক্রমিক নং	পদের নাম, বিভাগ, বেতন স্কেল ও গ্রেড	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
(১)	(২)	(৩)
১।	সিনিয়র অফিস এসিসটেন্ট কাম কম্পিউটার অপারেটর (কনভার্টিবল পদ) ৳ ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩)	প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী বা ইহার সমতুল্য জিপিএ সহ কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এইচ এস সি পাশ সহ কম্পিউটার বাংলা ও ইংরেজীতে প্রতি মিনিটে কমপক্ষে যথাক্রমে ২৫ (পঁচিশ ও ৪৫ (পয়তাল্লিশ) শব্দ টাইপ করার দক্ষতা থাকিতে হইবে। দাপ্তরিক কাজ সহ কম্পিউটার পরিচালনা, ডাটা এন্ট্রি, ওয়ার্ড প্রসেসিং ও স্প্রেডশীট ব্যবহার দক্ষতা থাকিতে হইবে। কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং সেক্রেটারিয়াল সায়েন্সে প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। বিশেষ শর্তঃ কমপক্ষে ৫(পাঁচ) বৎসর দক্ষতা ও সন্তোষজনক চাকুরী রেকর্ডের সাথে অফিস এসিসটেন্ট কাম কম্পিউটার পদে চাকুরীর পর অভ্যন্তরীণ সিলেকশন বোর্ডের মাধ্যমে ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩) স্কেলে সিনিয়র অফিস এসিসটেন্ট কাম কম্পিউটার অপারেটর কনভার্টিবল পদে উন্নীত হইবে।

শর্তাবলী :

- আগ্রহী প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস হইতে জীবন-ব্যস্ততার ফরমেট সংগ্রহ পূর্বক পাসপোর্ট সাইজের ২কপি সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ পত্রাদি ও নম্বর পত্রের সত্যায়িত কপিসহ আবেদন পত্র দাখিল করিতে হইবে।
- বর্ণিত পদের জন্য ৫ (পাঁচ) সেট করিয়া পূর্ণাঙ্গ আবেদন পত্র দাখিল করিতে হইবে।
- আবেদন পত্র অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে "রেজিস্ট্রার, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর" এর বরাবরে পৌঁছাইতে হইবে।
- আবেদন পত্রের সাথে "ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর" শিরোনামে অগণী ব্যাংক লিমিটেড, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা, গাজীপুর এর অনুকূলে ২০০/- টাকার পে-অর্ডার/ডিডি দাখিল করিতে হইবে।
- বিশ্ববিদ্যালয়ের স্মারক নং- ঢাপ্রপ্রবি/৬৬৬: তারিখ : ৩১/০৩/২০১৪ খ্রিঃ মোতাবেক জারীকৃত নিয়োগের সাধারণ নিয়মাবলী সম্পর্কিত প্রজ্ঞাপন অনুযায়ী অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিল করা যাইতে পারে।
- আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ : ১১/০৭/২০১৭ খ্রিঃ রোজ মঙ্গলবার (অফিস চলাকালীন সময়ের মধ্যে)।
- অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
- সংশ্লিষ্ট প্রার্থীদেরকে নিয়োগ পাওয়ার পর নিজ কিংবা পরিবারের কোন সদস্যের জন্য যৌতুক নিবেন না এবং দিবেন না মর্মে 'অঙ্গীকরণপত্র' প্রদান করিতে হইবে।

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

ফোন : ৪৯২৭৪০০৩ (অফিস)।

তারিখ ২০/০৬/২০১৭ খ্রিঃ

স্মারক নং- ঢাপ্রপ্রবি/৩৮/৯৩/(পাট-১)/৩৭৫৪ (৪৫৫)

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (প্রয়োজ্য ক্ষেত্রে)-

- পিএস টু ডিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
- সকল - ডীন/বিভাগীয় প্রধান/পরিচালক/হল প্রভোস্ট/অফিস প্রধান;
- সহকারী পরিচালক, পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) অফিস;
- সকল নোটিশ বোর্ড, বিশ্ববিদ্যালয় ও হলসমূহ;
- সংরক্ষণ নথি/গার্ড ফাইল।

২০.০৬.১৭
(মোঃ মফিজুর রহমান)
ডেপুটি রেজিস্ট্রার